ডক্টরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব) মেহেরপুর জেলা শাখার ইফতার মাহফিল

ডক্টরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব) মেহেরপুর জেলা শাখার আয়োজনে অনুষ্ঠিত হয়ে গেল ইফতার ও দোয়া মাহফিল।

গতকাল শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর মহিলা কলেজ রোডের সেভেন সেন্স রেস্টুরেন্টে এ ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

বিএমএ ও ড্যাব মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক ডাঃ মোঃ ওবাইদুল ইসলাম পলাশের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বিএমএ মেহেরপুর জেলা শাখার সভাপতি ডাঃ এম এ সালাম।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, ডাঃ মোঃ আমানুল্লাহ, ডাঃ মোঃ সফিকুল ইসলাম, ডাঃ এ এস এম হাসান আলী মাসুম, ডাঃ মোঃ মাহফুজ্জামান রতন, ডাঃ মোঃ খায়রুজ্জামান পিনু, ডাঃ মোঃ কাজল আলী ও ডাঃ মোঃ আবুল কাশেম প্রমুখ।

অনুষ্ঠানে ড্যাব ও বিএমএ নেতৃবৃন্দসহ জেলার চিকিৎসকরা উপস্থিত ছিলেন।

বারাদীতে জামায়াতে ইসলামীর অফিস উদ্বোধন ও ইফতার মাহফিল

মেহেরপুরের বারাদীতে জামায়াতে ইসলামী বাংলাদেশ বারাদি ইউনিয়ন শাখার অফিস উদ্বোধন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকেলে বারাদী বাজারের নাজিম প্লাজার দ্বিতীয় তলায় জামায়াতে ইসলামী বাংলাদেশে’র বারাদী ইউনিয়ন শাখার অফিস উদ্বোধন হয়।

বারাদি ইউনিয়ন আমির মাওলানা আসাদুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জামায়াতে ইসলামি বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার সভাপতি মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাংবাদিক রফিক উল আলম, জামায়াতে ইসলামী বাংলাদেশ মেহেরপুর সদর উপজেলার সাধারণ সম্পাদক জাব্বারুল ইসলাম, বারাদী ইউনিয়নের সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক। অনুষ্ঠানের শুরুতেই ফিতা কেটে অফিস উদ্বোধন করেন জেলা আমির মাওলানা তাজউদ্দিন খান।

পরে সংক্ষিপ্ত আলোচনা শেষে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। এ সময় উপস্থিত ছিলেন, বারাদী ইউনিয়নের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ। অনুষ্ঠান সঞ্চালনা করেন মাওলানা মজিবার রহমান।

মেহেরপুরে পৌরসভা ৯নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন ও ইফতার মাহফিল

মেহেরপুরে পৌরসভার ৯নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকেল পাঁচটার সময় পৌরসভা ৯ নং ওয়ার্ডের গোরস্থান পাড়ায় বিএনপি’র সম্মেলন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র আহবায়ক কমিটির সদস্য হাফিজুর রহমান হাফির সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান
এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহবায়ক কমিটির সদস্য এমকে খাইরুল বাশার, আলমগীর খান ছাতু, ইলিয়াস আলী, আনছারুল হক, ওমর ফারুক লিটন।

জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননের সঞ্চালনায় এই সময় আরোও উপস্থিত ছিলেন, সদর উপজেলা বিএনপি’র সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল হাসান রিপন, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওসার আলী, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক রাকিবুল ইসলাম সজল, যুবদল নেতা মোশিউল আলম দ্বীপু, বক্তিয়ার হোসেন,রেমিম, সাইফুল ইসলাম,লতিব, সৌরভ হোসেন সহ ৯নং ওয়ার্ডের বিএনপির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পৌরসভার ৯নং ওয়ার্ড বিএনপি’র নতুন কমিটির সভাপতি জামিন উদ্দিন, সহ-সভাপতি আনারুল ইসলাম, শহিদুল ইসলাম শহীদ, আব্দুল ওহাব ঝন্টু, সাধারণ সম্পাদক বিল্লাল হোসেন, সহ-সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক বাবু মিয়া, সহ সাংগঠনিক সম্পাদক মিলন, সমাজসেবা সম্পাদক স্বপন নির্বাচিত হন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৭

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলার ৭ আসামি গ্রেফতার হয়েছে।মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলার ৭ আসামি গ্রেফতার হয়েছ ওটা

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে ২ জন, সদর থানা পুলিশের অভিযানে ২ জন ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ৩ আসামি রয়েছে।

বৃহস্পতিবার দিবাগত রাত থেকে আজ শুক্রবার (২১ মার্চ) ভোররাত পর্যন্ত জেলার তিনটি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে গ্রেফতারকৃতরা হলো, মেহেরপুর শহরের ফুলবাগান পাড়ার মাসুদ বিশ্বাসের ছেলে

মোঃ সামিউল আজীম রাজা (২৩), সদর উপজেলার বাজিতপুর গ্রামের মৃত জালাল শেখের ছেলে বাবলু হোসেন (৪৪), মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের শহিদুল ইসলামের ছেলে মোঃ সেলিম মল্লিক (৩২) ও মোঃ স্বাধীন মল্লিক (মা মলা নং ১০(৩)২৫), শিবপুর গ্রামের দাউদ সরদারের ছেলে মোঃ মোরাদ হোসেন ওরফে লাল্টু (৪৪) মামলা নং ১১(৩)২৫ এবং গাংনী উপজেলার আযান গ্রামের ফজলু রহমানের ছেলে হৃদয় হোসেন (২৪) ও এলাঙ্গী গ্রামের জামাত আলীর ছেলে সবুজ আলী (২৮)।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেসবাহ উদ্দিন, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান অভিযানের নেতৃত্ব দেন।

মেহেরপুর পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম পিপিএম এ তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃতদের আজ শুক্রবার (২১ মার্চ) দুপুরে আদালতে নেয়া হয়েছে।

মেহেরপুরে ৫ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন ও ইফতার মাহফিল

মেহেরপুর পৌরসভার ৫ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেল পাঁচটার সময় কাথুলী বাসস্ট্যান্ডে বিএনপি’র সম্মেলন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য আনছারুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, সদস্য ইলিয়াস হোসেন ও আলমগীর খান ছাতু।

এছাড়াও এসময় জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য ফুর্তি হাসান, নাহিদ আহমেদসহ ৫ নং ওয়ার্ড বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ওলামা ও তুলাবা পরিষদের আয়োজনে ইফতার মাহফিল অনুষ্ঠিত

মেহেরপুর সদরের বারাদীতে পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে বারাদি ইউনিয়ন ওলামা ও তুলাবা পরিষদের আয়োজনে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেলে মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর হল রুমে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

বারাদী ইউনিয়ন ওলামা ও তুলাবা পরিষদের সভাপতি মাওলানা মুফতি জুনায়িদ আল হাবিবি’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বারাদি মাদিনাতুল উলুম কওমিয়া মাদ্রাসার মুহতামিম মাওলানা শফিকুল ইসলাম।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ওলামা ও তুলাবা পরিষদের প্রধান উপদেষ্টা মাওলানা হারুন অর রশিদ, মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর প্রধান শিক্ষক আব্দুল জব্বার।

বারাদী ইউনিয়ন ওলামা ও তুলাবা পরিষদের সিনিয়র সভাপতি মাওলানা মনিরুল ইসলাম ও সাধারণ সম্পাদক মাওলানা মোফাজ্জল হোসেন।

মাওলানা মুফতি মাসুদ রানার সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন, হাফেজ মাওলানা আবু বকর সিদ্দিক, সহ-সভাপতি: মাওঃ খায়রুল ইসলাম: মুফতি মামুনুর রশীদ, মুফতি এমদাদুল ইসলাম, যুগ্ন-সাধারন সম্পাদক মুফতী তাওহীদ আদনান, সাংগঠনিক সম্পাদক মাওঃ আশরাফুল ইসলাম।

মেহেরপুরে ওয়ার্ড বিএনপি’র ইফতার ও দোয়া মাহফিল

বিএনপি’র প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আত্মার মাগফেরাত, বিএনপি’র চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি ও বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দীর্ঘায়ু কামনায় মেহেরপুর পৌর সভার ১,৮ ও ৯ নম্বর ওয়ার্ড বিএনপি’র উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সন্ধ্যায় মেহেরপুর জেলা স্টেডিয়ামে এ ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও পৌর বিএনপি’র সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

এসময় তিনি বলেন, বিএনপি সবসময় জনগণের অধিকার আদায়ে কাজ করে এসেছে এবং ভবিষ্যতেও করবে। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এই দেশকে উন্নয়নের পথে এগিয়ে নেওয়ার যে স্বপ্ন দেখেছিলেন, আমরা সেই স্বপ্ন বাস্তবায়নে প্রতিজ্ঞাবদ্ধ। আমরা মহান আল্লাহর কাছে বেগম খালেদা জিয়ার সুস্থতার জন্য দোয়া করবো।

তিনি আরো বলেন, হাইব্রিড নেতাদের মাথা গজিয়েছে। যারা দীর্ঘ ১৭ বছর রাজপথে লড়াই সংগ্রামে অংশ নেয়নি তারা আজকে সৈনিক হয়েছে। আপনারা সতর্ক হয়ে যান, আজকে যদি জাতীয়তাবাদী শক্তি ঐক্যবদ্ধ না থাকতে পারে তাহলে সারা বাংলাদেশের মানুষের আকাঙ্ক্ষা পূরণ হবে না। এই বাংলার মানুষের আকাঙ্ক্ষা পূরণ করতে হলে ঐক্যবদ্ধভাবে বিএনপি’র ত্যাগী নেতাকর্মীদের নিয়ে, যারা দীর্ঘ ১৭ বছর লড়াই সংগ্রাম করেছে সেই পরীক্ষিত সৈনিক দিয়ে আগামী দিনের বিএনপিকে সাজাতে হবে।

এছাড়াও জেলা বিএনপি’র সদস্য ও সদর উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি মারুফ আহমেদ বিজন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আনারুল ইসলাম কালু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা শ্রমিকদলের সভাপতি আহসান হাবীব সোনাসহ বিএনপি ও এর সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দোয়া মাহফিলে বক্তারা দেশের সার্বিক কল্যাণ ও গণতন্ত্র পুনরুদ্ধারের জন্য আল্লাহর রহমত কামনা করেন।

মেহেরপুরের বেড়পাড়ায় আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে চলছে নির্মাণ কাজ

আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে নির্মাণ কাজ করার অভিযোগ উঠেছে আজিজুল ইসলাম ও শহিদুল ইসলাম নামে দুই ভাইয়ের বিরুদ্ধে।

এ অভিযোগ তুলে সদর থানায় অভিযোগ করেছেন নুরুল ইসলাম নামের এক হোমিও চিকিৎসক।

অভিযোগ পত্রে তিনি জানান, মেহেরপুর শহরের বেড়পাড়ার ওয়াজেদ ব্যাপারীর ছেলে আজিজুল ইসলাম ও শহিদুল ইসলাম তার প্রতিবেশী। তারা আমার সীমানায় জোরপূর্বক পাকা বসত বাড়ি নির্মান করছেন। এঘটনায় মেহেরপুর অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট আদালতে একটি মামলা বিচারাধীন রয়েছে।

মামলায় বিচারক ১৪৫ ধারা আদেশ দিয়ে উভয়পক্ষকে নির্মান কাজ বন্ধ রেখে শান্তি—শৃঙ্খলা বজার রাখার নির্দেশ দিৃয়েছেন। আদালতের নির্দেশে মেহেরপুর থানা থেকে তাদের নির্মাণ কাজ বন্ধ রাখার নির্দেশ দেয়। কিন্তু আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে তারা নির্মাণ কাজ চলমান রেখেছেন।

এ নিয়ে গতকাল বুধবার সরেজমিনে গিয়ে দেখা যায় আদালতের নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও বিবাদীরা নির্মাণ কাজ বন্ধ করেননি। এসময় বিবাদীরা বলেন, আমরা আমিন দিয়ে মেপে নিজের জমিতে কাজ করছি।

মেহেরপুরে পুলিশের অভিযানে চার আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের বিশেষ অভিযানে চার জন আসামিকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল বুধবার রাত থেকে আজ বৃহস্পতিবার সকাল পর্যন্ত মেহেরপুরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এই চার জন আসামিকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন মৃত হাফেজ মন্ডলের ছেলে মোঃ হাতেম আলী (৫০), ইসলামপাড়ার বীর মুক্তিযোদ্ধা আবু তালেবের ছেলে মোঃ মেহেরুল্লাহ (কাদা), বেড়পাড়ার আঃ রাজ্জাকের ছেলে মোঃ রাজিব হাসান (৩৮) ও টাঙ্গাইল দেলদুয়ারের সবদের দেওয়ানের ছেলে শহিদুল (৪৭)।

গ্রেফতাকৃতকে আদালতে প্রেরণের ব্যবস্থা করা হচ্ছে। জেলা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে যে, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধীদের গ্রেফতার করতে বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

চিৎলা পাটবীজ খামারের জেডির বিরুদ্ধে দুর্নীতি ও টেন্ডার বাণিজ্যের অভিযোগ

সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন ও তার স্ত্রী সৈয়দ মোনালিসা ইসলামের নাম ভাঙ্গিয়ে বিগত বছরগুলোতে এশিয়া মহাদেশের তৃতীয় বৃহত্তম চিৎলা ভিত্তি পাটবীজ খামারটি নানা অনিয়ম, দুর্নীতি, অর্থ আত্মসাৎ ও চুরি করে খামারটি দেওলিয়া করার অভিযোগ উঠেছে যুগ্ম পরিচালক (জেডি) মোর্শেদুল ইসলাম।

পতিত স্বৈরাচার সরকারের পতন হলেও বহাল তবিয়তে তার দূর্ণীতি, অর্থলোপাট ও অপকর্মচালিয়ে আসছেন ফ্যাসিস্ট সরকারের জনপ্রশাসন

মন্ত্রীর এই দোসর।

খামারটিতে টেন্ডার বিহীন গাছ কেটে সাবাড়, বিনা টেন্ডারে ড্রেন নির্মাণের নামে অর্থ লোপাট, রং করণ, বিচুলি, খড়, অবীজ আলু, ধান বিক্রি, চুরি করে বীজ বিক্রি করে অর্থ আত্মসাৎ, অতিরিক্ত শ্রমিক দেখিয়ে লাখ লাখ টাকা আত্মসাৎ, যন্ত্রপাতি মেরামতের নামে অর্থ লোপাট, জ্বালানি তেলের বরাদ্দ আত্মসাৎ, রাসায়নিক ও কীটনাশকের অর্থ আত্মসাৎ করে বিগত বছর গুলোতে কোটি কোটি টাকা পকেটস্থ করেছে বলে অভিযোগ উঠেছে।

এছাড়া টেন্ডারের নামে নিজের আত্মীয় স্বজনকে কৌশলে টেন্ডার পাইয়ে দিয়েছে এই কর্মকর্তা। এছাড়া তার বিরুদ্ধে রয়েছে অফিসের এক নারী অফিস সহকারির সাথে গোপনে অপকর্মের অভিযোগ।

গত মঙ্গলবার (১৮ মার্চ) স্থানীয়দের অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে গিয়ে দেখা যায়, খামারের ফলকর বাগান, পাটখড়ি ও নন সীড ধানের টেন্ডার নিয়ে এলাকার ব্যবসায়ী, ঠিকাদার ও স্থানীয়দের মধ্যে চরম উত্তেজনা বিরাজ করছে। তাদের সাথে কথা বলে জানা যায়, খামারের যুগ্ম পরিচালক মোর্শেদুল ইসলাম টেন্ডার নীতিমালা বহির্ভূতভাবে মনগড়া নিয়ম তৈরী করে পছন্দের লোককে টেন্ডার পাইয়ে দেয়ার পন্থা অবলম্বন করছেন। এনিয়ে এলাকার ব্যবসায়ী ও ঠিকাদারদের মধ্যে ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয়।

ব্যবসায়ী ও ঠিকাদার নুর ইসলাম, নাজমুল হোসাইন ও ইমনসহ কয়েকজন জানান, চিৎলা পাটবীজ খামারে আজ টেন্ডার ছিলো। এতে এলাকার ব্যবসায়ী ও ঠিকাদাররা অংশগ্রহণ করেন। নিয়ম অনুযায়ী বেলা ১২ টার মধ্যে শিডিউল ড্রপ করতে হবে। আমরা সে অনুযায়ী শিডিউল ড্রপ করি। নিয়ম ছিল শিডিউল ড্রপ করার পর সবার উপস্থিতিতে বেলা সাড়ে ১২ টায় শিডিউল অপেন করা হবে। কিন্তু খামার কর্তৃপক্ষ হঠ্যাৎ করে একটা নোটিশ টাঙিয়ে দিয়ে আমাদেরকে বলে আজ আর শিডিউল অপেন করা হবে না।

আগামীকাল বুধবার অপেন করা হবে। নির্দিষ্ট সময় পার হওয়ার পর আমরা খোঁজ নিয়ে জানতে পারি মেহেরপুর ও চুয়াডাঙ্গায় কোন শিডিউল ড্রপ হয়নি। কিন্তু জেডি মোর্শেদুল আজ শিডিউল অপেন না করে, চুয়াডাঙ্গায় গিয়ে নিজস্ব ঠিকাদার দিয়ে নির্দিষ্ট সময় পার হওয়ার পরেও অনৈতিক ভাবে শিডিউল ড্রপ করার পর, এখানে ফোন দিয়ে জানায় চুয়াডাঙ্গায় একটি শিডিউল ড্রপ হয়েছে। ইতিপূর্বেও উনি টেন্ডার নিয়ে এমন অনিয়ম করেছে। নিজের ঠিক করা লোক দিয়ে শিডিউলে

সর্বোচ্চ দাম দিয়ে টেন্ডার পাইয়ে দিয়েছে। পরে শিডিউল কাটাছেরা করে দাম কমিয়ে নতুন করে শিডিউল তৈরি করার মতো অভিযোগও রয়েছে তার বিরুদ্ধে।

খামারের শ্রমিকদের উপদেষ্টা শফিউর রহমান ট্রমা জানান, খামারের বর্তমান যুগ্ম পলিচালক সবসময় শেখ হাসিনার পরিচয় দিতেন। চুয়াডাঙ্গার সেলুন জোয়াদ্দারের পরিচয় দিতেন। আর সকল অনিয়ম ও দুর্নীতি করে পার পেয়ে যেতেন। এই খামারের বড় বড় গাছ উনি কেটেছেন আর বাড়ীর ফার্নিচার তৈরির জন্য চুয়াডাঙ্গায় নিয়ে গেছেন। সেখানে তিনি গরুর খামার গড়ে তুলেছেন। আর গরুর খাবার হিসেবে এই খামারে যত ধান চাষ হয়। তার সব বিচালি খামারের গাড়ী ব্যবহার করে কোন টেন্ডার ছাড়াই নিয়ে যান। এছাড়া চুয়াডাঙ্গা থেকে তার আত্মীয়ের সারের দোকান থেকে নিম্নমানের সার ও বিষ নিয়ে আসেন।

তিনি মনে করেন এই খামার তার পৈত্রিক সম্পাতি। খামারের কেউ কিছু বললেই তাকে কাজ থেকে ছাটাই করা হয়। সে যোগদানের পরে শ্রমিকদের কাজও কমে গেছে। শ্রমিকদের কাজে না লাগিয়ে আগাছা পরিষ্কারের জন্য নিন্মমানের কীটনাশক প্রয়োগ করে জমির ফসল পুড়িয়ে ফেলারও অভিযোগ রয়েছে জেডির বিরুদ্ধে। এই ঐতিহ্যবাহী খামারের ঐতিহ্যকে টিকিয়ে রাখার জন্য বর্তমান যুগ্ম পলিচালককে এখান থেকে দ্রুতই অপসারণ করা প্রয়োজন।

তিনি আরো জানান, খামারে আগের মতো উন্নতি না হলেও বর্তমানে যেটুকু হচ্ছে। তার আংশিক চুরি হয়ে যায়। আর এসকল অনিয়ম ও দুর্নীতিতে সহযোগিতা করেন জেডি’র নিজস্ব নিয়োগকৃত নাজিম উদ্দিন নামের এক শ্রমিক।

স্থানীয়রা জানান, মোর্শেদুল ইসলাম খামারে যোগদানের পর থেকে অনিয়ম দুর্নীতি ও স্বজনপ্রীতির মাধ্যমে বিভিন্ন ফসলের বীজ বিক্রি, টেন্ডার ছাড়া গাছ বিক্রি, গোপনে খামারের পুরানো গাড়ীর যন্ত্রাংশ বিক্রি, শ্রমিকদের ভুয়া বিল ভাউসার তৈরি ও টেন্ডার বানিজ্য করে লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করেছেন।

এছাড়া কৌশলে তার নিজ এলাকা থেকে নাজিম উদ্দিন নামের একজনকে খামারে অঘোষিত জেডি নিয়োগ দিয়েছেন। তার মাধ্যমে খামারে বিভিন্ন অনিয়ম সংঘটিত হয়। শ্রমিকের ভুয়া তালিকাও সে তৈরী করে।

জানা গেছে, যুগ্ম পরিচালকের জন্য সরকার মাসিক বাসা ভাড়া দিলেও সে ভাড়া বাসায় না থেকে অবৈধভাবে খামারের অতিথি ভবন (রেস্ট হাউজ)

ব্যবহার করে আসছেন। অতিথি ভবন নিজের বাসা হিসেবে ব্যবহার করলে তাকে প্রতি মাসে সরকারের নির্দিষ্ট ভাড়া পরিশোধ করার কথা থাকলেও তিনি কোন টাকা জমা দেননি। ফলে সরকারকে তিনি রাজস্ব ফাঁকি দিয়ে আসছে। এছাড়া বিনা কারনে সরকারকে বাবুর্চি, পাহারাদার এবং বিদ্যুৎ ও এসি বিল বাবদ গুনতে হচ্ছে লক্ষ লক্ষ টাকা। এছাড়াও সরকারি গাড়ী ব্যক্তিগত কাজে ব্যবহারেরও অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে।

মোর্শেদুল ইসলাম সরকারের লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করে চুয়াডাঙ্গায় তার শশুরের এলাকায় গরুর ফার্ম করেছেন। তার এই অনিয়ম ও দুর্নীতির প্রতিবাদে খামার এলাকার চিৎলা, জুগিন্দা, নিত্যানন্দপুর ও বাঁশবাড়িয়া গ্রামের সচেতন মহল মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশও করেছেন। এছাড়া বিভিন্ন মাধ্যমে তিনার অনিয়ম ও দুর্নীতির সংবাদ প্রচার হলেও ঊর্ধ্বতন কর্তৃপক্ষ তার বিরুদ্ধে এখন পর্যন্ত কোন ব্যবস্থা নেননি।

এ ব্যাপারে জেডই মোর্শদুল ইসলামের সাথে কথা বলতে চাইলে তিনি সব প্রশ্নের উত্তরে বলেন নো কমেন্টস।